সংবিধান সংশোধনে ১৭ সদস্যের কমিটি গঠিত হবে: সংসদে আইনমন্ত্রী



বুধবার বিকেলে জাতীয় সংসদ অধিবেশনে কথা বলেন মো. আসাদুজ্জামান। ছবি: সংগৃহীত

জুলাই জাতীয় সনদকে সামনে রেখে সংবিধান সংশোধনের প্রক্রিয়া এগিয়ে নিতে ১৭ সদস্যের একটি বিশেষ কমিটি গঠনের কথা জানিয়েছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। প্রস্তাবিত এই কমিটিতে সরকারি দলের সাতজন এবং বিরোধী ও অন্যান্য দল মিলিয়ে পাঁচজন সদস্য রাখার পরিকল্পনার কথা তুলে ধরেন তিনি।

বুধবার (২৯ এপ্রিল) বিকেলে জাতীয় সংসদের অধিবেশনে ডেপুটি স্পিকার কায়সার কামালের সভাপতিত্বে দেওয়া বক্তব্যে আইনমন্ত্রী এ তথ্য জানান।

তিনি বিরোধী দলকে দ্রুত তাদের পক্ষ থেকে পাঁচজনের নাম জমা দেওয়ার আহ্বান জানিয়ে বলেন, সম্ভব হলে বৃহস্পতিবারের মধ্যেই এ তালিকা দিতে হবে।

মন্ত্রী আরও জানান, সংসদের কার্যপ্রণালি বিধির রুল ২৬৬ অনুসারে ইতোমধ্যে ১২ সদস্যের একটি প্রাথমিক তালিকা প্রস্তুত করা হয়েছে। এতে বিএনপি, গণঅধিকার পরিষদ, গণসংহতি আন্দোলন, বাংলাদেশ জাতীয় পার্টি এবং স্বতন্ত্র সদস্যদের অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রস্তাবিত তালিকায় বিএনপি থেকে সাতজন এবং অন্যান্য দল থেকে পাঁচজন রাখা হয়েছে।

আইনমন্ত্রী বলেন, বিরোধী দল নির্ধারিত সদস্যদের নাম দিলে দ্রুতই কমিটি গঠনের প্রস্তাব সংসদে তোলা সম্ভব হবে। এরপর সংবিধান সংশোধন ও জুলাই জাতীয় সনদের আলোকে পরবর্তী কার্যক্রম শুরু করা যাবে।